# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০২০-২০২১/৯৯২ তারিখ- ০৬/০৬/২০২১ ইং।

## সভার নোটিশ

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, কমিটির সভা ১০/০৬/২০২১ খ্রিঃ তারিখ রোজঃ বৃহস্পতিবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

আপনাকে যথা সময়ে সভায় উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। UGIIP-III প্রকল্প কর্তৃক অনুমোদিত ০৭(সাত) টি বস্তির উন্নয়ন কাজের অগ্রগতি প্রসঙ্গে।
৩। অসহায় হতদরিদ্রদের মাঝে পৌরসভা হতে ঔষধ সহায়তা প্রদান বিষয়ে আলোচনা।
৪। বিবিধ।

7/06/21

(মোঃ জাকির হোসেন)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৩
জয়পুরহাট পৌরসভা।
০৬/০৬/২০২১ ইং।

প্রাপকঃ

.............................................................

সদস্য/প্রতিনিধি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।
### সভা নং-৮৪

**দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) অনুষ্ঠিত সভার কার্যবিবরনীঃ-**

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোঃ জাকির হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা। |
| সভার স্থান | ঃ পৌরসভা মিলনায়তন। |
| তারিখ | ঃ ১০-০৬-২০২১খ্রিঃ। |
| রোজ | ঃ বৃহস্পতিবার। |
| সময় | ঃ বেলা ১১.০০ ঘটিকা। |

উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ২ | মোঃ জাকির হোসেন | কাউন্সিলর, ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | স্বাক্ষরিত |
| ৩ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | পাপিয়া | কাউন্সিলর, সংরক্ষিত-২, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | মোঃ ওলিউজ্জামান | কাউন্সিলর, ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৬ | এ টি এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা | প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৭ | মোছাঃ শাহানাজ বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |

আালোচ্য বিষয় ঃ ১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।

আলোচনা ঃ- গত ১১/০৫/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ১১/০৫/২০২১ খ্রিঃ তারিখে সভার কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হলো।

২নং আলোচ্য বিষয় ঃ UGIIP-III প্রকল্প কর্তৃক অনুমোদিত ০৭(সাত) টি বস্তির উন্নয়ন কাজের অগ্রগতি প্রসঙ্গে।

আলোচনাঃ সভাপতি আলোচ্য বিষয়ে বলেন, অনুমোদিত ০৭(সাত)টি বস্তি সমূহে ৪র্থ কিস্তির কাজ চলমান আছে, যা শেষ পর্যায়ে রয়েছে বলে আমরা জানি, বস্তি উন্নয়নের কাজগুলো দ্রুত শেষ করা প্রয়োজন।কারণ আমার জানা মতে প্রকল্প অফিস হতে কাজ শেষ করে বিল ভাউচার প্রেরণের জন্য তাগিদা দিয়ে পত্র প্রেরণ করছে। বস্তির কাজের সর্বশেষ কি অবস্থা এবং কত দিনের মধ্যে কাজ শেষ করে বিল ভাউচার প্রকল্প অফিসে প্রেরণ করা যাবে, বিস্তারিত ভাবে সভায় তুলে ধরার জন্য বস্তি উন্নয়ন কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করলে, বস্তি উন্নয়ন কর্মকর্তা বলেন-বস্তি উন্নয়ন কাজ প্রায় শেষ পর্যায়ে কিন্তু সোলার লাইটের কাজ এখনো আমরা বাস্তবায়ন করতে পরিনি। কারণ সরকার ঘোষিত লক ডাউনের কারনে সোলার বাতি স্থাপনের জন্য চুক্তিবদ্ধ কম্পোনী অঙ্গিরা ইলেকট্রনিক্স, কয়েকটি বস্তিতে পুল স্থাপন করে অন্যান্য কাজ যেমন ব্যাটারী এল ই ডি বাল্ব কাজ শেষ না করেই ঢাকা চলে যাওয়ায় কাজ সম্পন্ন করা সম্ভব হয়নি। লক ডাউন শিথিল না হলে কাজ শেষ করার ব্যাপারে সুনিদিষ্ট সময় বলা কষ্টকর।তারপরও আমরা আশা করছি আগামী জুলাই/২১ মাসের মধ্যে সমস্ত কাজ শেষ করে বিল ভাউচার প্রস্তুত করে প্রকল্প অফিসে প্রেরণ করতে পারবো । এরপর তিনি ৩১ মে/২০২১ তারিখ পর্যন্ত বস্তি অনুযায়ী নিম্নোক্ত ভাবে কাজের অগ্রগতি তুলে ধরেন।

| ক্রঃনং | বস্তির নাম | ৪র্থ কিস্তিতে বাস্তবায়িত | মোট বাস্তবায়িত কাজ |
|---|---|---|---|
| ১ | তাঁতীপাড়া | ২০% | ৯৫% |
| ২ | রইচপাড়া মুহিত পুকুরপাড় | ২০% | ৯৫% |
| ৩ | যমুনা বাঁধপাড়া | ২০% | ৯৫% |
| ৪ | তাজুর মোড় | ২০% | ৯৫% |
| ৫ | বিশ্বাসপাড়া রেল কলোনী | ২০% | ৯৫% |
| ৬ | চিনিকল হরিজন কলোনী | ২০% | ৯৫% |
| ৭ | বঙ্গবন্ধুপাড়া | ২০% | ৯৫% |

সিদ্ধান্ত ঃ ৪র্থ কিস্তির কাজ শেষ করে বিল ভাউচার পৌরসভায় জমা দেওয়ার জন্য বস্তি উন্নয়ন কমিটির সভাপতি ও সদস্য সচিব কে তাগিদা দেওয়ার সিদ্ধান্ত গ্রহন করা হলো এবং সোলার কাজে চুক্তিবদ্ধ কম্পোনীর সত্ত্বাধিকারীর সাথে যোগাযোগ করে দ্রুত সোলারের কাজ শেষ করার জন্য প্রয়োজনবোধে মেয়র মহোদয়ের মাধ্যমে তাগিদা দেওয়া।

৩নং আলোচ্য বিষয় ঃ অসহায় হতদরিদ্রদের মাঝে পৌরসভা হতে ঔষধ সহায়তা প্রদান বিষয়ে আলোচনা।

আলোচনাঃ সভাপতি মহোদয় বলেন, জয়পুরহাট পৌরসভা হতে প্রতিনিয়ত অসহায় দরিদ্রদের মাঝে ঔষধ সহায়তা প্রদান করা হয়। মেয়র মহোদয়ের নির্দেশনার প্রেক্ষিতে ঔষধ প্রাপ্তির ক্ষেত্রে যারা সরকারী হাসপাতালে ডাক্তার দেখাইয়ে ব্যবস্থাপত্র নিয়ে আসেন, তাদের ব্যবস্থাপত্র দেখে ঔষধ ক্রয় করে দেওয়া হয়। এছাড়া বিশেষ ক্ষেত্রে দুস্থ অসহায়দের জরুরী বা উন্নত চিকিৎসার প্রয়োজন হলে, পৌরসভা হতে চিকিৎসার জন্য আর্থিক সহায়তা দেওয়া হয়। বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যদের মাঝে বিস্তারিত আলোচনা কালে কমিটির সদস্য জনাব পাপিয়া - প্রতি কোয়াটারে যেসব দুস্থ নারীদের ঔষধ সহায়তা দেওয়া হচ্ছে তাদের মাষ্টার রোল প্রস্তুত করে পরবর্তী কোয়াটারের ১ম মাসের কমিটির সভায় উপস্থাপন করণের জন্য অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ প্রতি কোয়ার্টারে কতজন হতদরিদ্রদের ঔষধ সহায়তা দেওয়া হচ্ছে তার তালিকা তৈরী করে এ কমিটি সভায় উপস্থাপন করা এবং কম্পিউটার এ ডাটাবেজ তৈরী করে নিয়মিত তথ্য সংযোজন করে সংরক্ষন করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ জাকির হোসেন)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০২০-২০২১/ তারিখ-

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা
২। জনাব/জনাবা ......................................................... সদস্য
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
৩। অফিস নথি।

(মোঃ জাকির হোসেন)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সভায় উপস্থিত সম্মানিত সদস্য বৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর নিম্নরূপ- (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি ঃ মোঃ জাকির হোসেন, কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ১০/০৬/২০২১ ইং।
রোজ ঃ বৃহস্পতিবার।
সময় ঃ ১১.০০ ঘটিকা।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ জাকির হোসেন | কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-৩ জয়পুরহাট পৌরসভা | সভাপতি | |
| ২ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৩ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১) জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৪ | মোঃ ওলিউজ্জামান | কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-১ জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৫ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২) জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৬ | এ.টি.এম মোস্তাফিজুর রহমান | সহকারী প্রকৌশলী জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৭ | মোছাঃ শাহনাজ বেগম | দারিদ্র শ্রেণীর প্রতিনিধি | সদস্য | |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | দারিদ্র শ্রেণীর প্রতিনিধি | সদস্য | |
| ৯ | মোঃ হাসানুজ্জামান | বস্তি উন্নয়ন কর্মকর্তা জয়পুরহাট পৌরসভা | সদস্য-সচিব | |